

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ১৫, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস് ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ৩০ চৈত্র ১৪২০ বঙ্গাব্দ/১৩ এপ্রিল ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৬০-আইন/২০১৪/২৪৭৫/কাস্টমস্।—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অত্র বিভাগের ২৪ জৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং ১৬০-আইন/২০১২/২৩৮৮/কাস্টমস্ এর নিম্নরূপ সংশোধন করিল,
যথাঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর—

(ক) শর্ত (৩) এর পরিবর্তে নিম্নরূপ শর্ত (৩) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৩) পণ্যচালান খালাসের ৬ (ছয়) মাসের মধ্যে আমদানিকৃত পণ্যসমূহ নিবন্ধিত হাঁস-মুরগির খামারে স্থাপন অথবা ব্যবহার করা হইয়াছে কিনা উহা ব্রিডার্স খামারের ক্ষেত্রে ব্রিডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ এবং পোলিট্রি খামারের ক্ষেত্রে বাংলাদেশ পোলিট্রি ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন সরেজমিনে তদন্তপূর্বক সংশ্লিষ্ট এসোসিয়েশনের প্যাডে এবং সভাপতি অথবা সাধারণ সম্পাদক এর স্বাক্ষরে, যথাক্রমে পরিশিষ্ট-২ ও পরিশিষ্ট-২ক অনুযায়ী একটি প্রত্যায়নপত্র পরবর্তী ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট কাস্টম হাউস/কাস্টম স্টেশনের কমিশনার বরাবরে প্রেরণ করিবেন।”; এবং

(১২৮১৫)
মূল্য : টাকা ৪.০০

(খ) “পরিশিষ্ট-২” এর পর নিম্নরূপ “পরিশিষ্ট-২ক” সংযোজিত হইবে, যথা :—

পরিশিষ্ট-২ক

প্রত্যয়নপত্র

[শর্ত (৩) দ্রষ্টব্য]

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স.....
 (সম্পূর্ণ ঠিকানা উল্লেখ করিতে হইবে) বিনিয়োগ বোর্ড বা পশু সম্পদ অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত একটি
 হাঁস-মুরগির খামার। এই শিল্প প্রতিষ্ঠান কর্তৃক খণ্ডপত্র নং....., তারিখ :.....
 ইনভয়েস নং....., তারিখ :.....বিল অব এন্ট্রি নং.....,
 তারিখ :..... এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ বা উহার
 অংশবিশেষ (অংশবিশেষ ব্যবহৃত হইলে উক্ত ব্যবহৃত অংশের পরিমাণ উল্লেখ করিতে হইবে)
 উল্লিখিত খামারের সুষমকরণ, আধুনিকীকরণ, প্রতিস্থাপন ও সম্প্রসারণ (বি এম আর ই) এর সকল বা
 যে কোন কাজে ব্যবহার করা হইয়াছে/হয় নাই।

স্বাক্ষর :.....

নাম :.....

পদবী : সভাপতি/সাধারণ সম্পাদক,

বাংলাদেশ পোলিট্রি ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন

তারিখ :

সীল :

”

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম হোসেন

সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
 তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd